



নং-৩২.০০.০০০০.০৪২.২৩.০০৯.২০-১৫৯


তারিখঃ ১৪ আষাঢ় ১৪২৭  
২৮ জুন ২০২০

**বিষয়ঃ 'বেগম রোকেয়া পদক ২০২০' এর জন্য মনোনয়ন প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রতি বছর ৯ ডিসেম্বর তারিখে দেশব্যাপী 'বেগম রোকেয়া দিবস' উদযাপন এবং 'বেগম রোকেয়া পদক' প্রদান করা হয়ে থাকে। প্রতি বছরের ন্যায় "নারী শিক্ষা, নারী অধিকার, নারীর আর্থ-সামাজিক উন্নয়ন, সাহিত্য ও সংস্কৃতির মাধ্যমে নারী জাগরণ এবং পল্লী উন্নয়নে" সর্বোচ্চ স্বীকৃতিস্বরূপ পাঁচজন বাংলাদেশী মহিলাকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে বেগম রোকেয়া পদক প্রদান করা হবে।

২। এমতাবস্থায়, 'বেগম রোকেয়া পদক (সংশোধিত) নীতিমালা ২০১৭' মোতাবেক উল্লেখিত যেকোন ক্ষেত্রে অবদান রেখেছেন এমন বাংলাদেশী মহিলাকে পদক প্রাপ্তির ক্ষেত্রে উল্লেখপূর্বক মনোনয়ন আগামী ৩১ জুলাই ২০২০ তারিখের মধ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। এক্ষেত্রে সফট কপি ই-মেইলে: [sasadm2@gmail.com](mailto:sasadm2@gmail.com) প্রেরণ করা যাবে। মনোনীত প্রার্থীকে সংযুক্ত 'ছক' পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদনপত্র 'ছক' মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট ([www.mowca.gov.bd](http://www.mowca.gov.bd)) অথবা মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব-সাইট ([www.dwa.gov.bd](http://www.dwa.gov.bd)) থেকে সংগ্রহ করা যাবে। নির্ধারিত এই 'ছক' ব্যতিত অন্য কোন 'ছক' এ আবেদন/মনোনয়ন গ্রহণ করা হবে না।

সংযুক্তিঃ ছক ও নীতিমালা।

  
(আফরোজা বেগম)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪০২৪১  
ফ্যাক্সঃ ৯৫৪০৮৯২

**বিতরণঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব/সচিব

..... মন্ত্রণালয়/বিভাগ।

৩। বিভাগীয় কমিশনার (সকল)

..... বিভাগ।

৪। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

৫। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।

৬। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।

৭। জেলা প্রশাসক (সকল)

..... জেলা।

৮। ..... বিশ্ববিদ্যালয়/বাংলা একাডেমি/শিল্পকলা একাডেমি/নজরুল ইন্সটিটিউট, ঢাকা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। যুগ্মসচিব (শিশু ও সমন্বয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।